এমপ্লয়মেন্ট
স্ট্যান্ডার্ডস্
কর্মচারীদের সুরক্ষা দেওয়া

Employment Standards Act, 2000, ইএসএ নামে পরিচিত, একটি আইন যেটি অন্টারিওতে কর্মক্ষেত্রের পক্ষপাতশূণ্য রীতিনীতিগুলির ন্যুনতম মান ঠিক করে দেয়।

আপনি যদি ইএসএ দ্বারা সুরক্ষিত হন, আপনার নিয়োগকর্তা **পারবেন না**

- আপনাকে ভয় দেখাতে
- আপনাকে ছাঁটাই করতে
- কিছু সময়ের জন্য কাজ থেকে অপসারণ করতে
- আপনার বেতন কমাতে
- যে কোনোভাবে আপনাকে শাস্তি দিতে, অথবা
- এগুলির যে কোনো একটি ব্যবস্থা নেবার ভয় দেখাতে,

কারণ আপনি আপনার অধিকার সম্বন্ধে জিজ্ঞাসা করছেন বা অধিকারগুলি পাবার জন্য বলছেন।

আমার নিয়োগকর্তা বলেন যে আমি ইএসএ দ্বারা সুরক্ষিত নই। এটি কি সত্যি ?

যদি আপনি অন্টারিওতে কাজ করেন,তাহলে আপনি হয়ত ইএসএ দ্বারা সুরক্ষিত। ইএসএ ফেডারেল কর্মচারীদের এবং অন্যান্য বিশেষ শ্রেনীর কতিপয় কর্মচারীদের সুরক্ষা দেয় না। আইনের অধীনে কতগুলি ব্যতিক্রমী এবং বিশেষ নিয়ম আছে কিছু কিছু শ্রমিক কর্মীদের জন্য।

আপনি কিভাবে ইএসএ দ্বারা সুরক্ষিত হয়ে আছেন সেটি জানার জন্য শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন।

আমার অধিকারগুলি কি কি ?

ইএসএ দ্বারা সুরক্ষিত অনেকগুলি অধিকার আছে,যার মধ্যে পড়েঃ

- কাজের ঘন্টা
- সর্বনিম্ন বেতন
- ওভারটাইমের জন্য টাকা
- বেতনের টাকা দেওয়া
- সরকারী ছুটি এবং অবকাশ
- ব্যক্তিগত জরুরী অবস্থায় ছুটি
- পারিবারিক চিকিৎসা সংক্রান্ত ছুটি
- গর্ভধারণ অথবা পিতৃ/মাতৃ সম্পর্কীয় ছুটি
- কর্ম সমাপ্তির বিজ্ঞপ্তি।

ইএসএ-এর অধীনে আপনার অধিকার সম্বন্ধে আরও জানার জন্য শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন।

আমার অধিকার দিতে বলার জন্যে আমি শাস্তি পেয়েছিলাম। আমি কি করতে পারি ?

যদি আপনি মনে করেন যে আপনার নিয়োগকর্তা আপনাকে শাস্তি দিয়েছিলেন আপনার ইএসএ অধিকারগুলি দাবী করার জন্য, যতশীঘ্র সম্ভব শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন।

মন্ত্রালয়ের কর্মীরা আপনাকে আপনার অধিকার সম্বন্ধে জানতে বা বুঝাতে সাহায্য করবেন, আপনার প্রশ্নের উত্তর দেবেন এবং আপনার অভিযোগ সম্বন্ধে অনুসন্ধান করবেন। শ্রম মন্ত্রালয়ে আপনার অধিকার সম্বন্ধে কথা বলার জন্য আপনার নিয়োগকর্তা আপনাকে শাস্তি দিতে পারেন না।

দ্রষ্টব্যঃ ইউনিয়নের সঙ্গে যুক্ত কর্মচারীরা শ্রমমন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করার আগে প্রথমে তাদের ইউনিয়নের প্রতিনিধির সাথে কথা বলবেন যদি তারা মনে করেন যে তাদের অধিকারগুলিকে খর্ব করা হয়েছে।

আমার কি প্রয়োজন হবে ?

শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করার আগে, আপনার চাকুরী এবং নিয়োগকর্তা সম্পর্কে যে কোনো তথ্য সংগ্রহ করার চেষ্টা করুন যেমন বেতন লিপির ছিন্নাংশ, যেটা আপনার সমস্যা ব্যাখ্যা করাতে সাহায্য করবে।

শ্রম মন্ত্রালয় কিভাবে সাহায্য করবে ?

যদি আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার অধিকার সম্বন্ধে জানতে চাওয়ার জন্য বা অধিকার দাবী করার জন্য শাস্তি দিয়ে থাকেন, একজন এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস্ অফিসার আপনার নিয়োগকর্তাকে আদেশ করতে পারেন আপনাকে ক্ষতিপুরণ দেবার জন্য অথবা আপনার চাকুরী ফিরিয়ে দেবার জন্য। অফিসার আপনার নিয়োগকর্তাকে আরও আদেশ করতে পারেন আপনার প্রাপ্য বেতন যা আপনি পান নি তা দিয়ে দেবার জন্য।

শ্রম মন্ত্রালয় আপনার নিয়োগকর্তার বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনতে পারেন যার মধ্যে থাকবে টিকিট। দোষী সাব্যস্ত হলে, আপনার নিয়োগকর্তাকে জরিমানা দিতে হতে পারে বা জেলে পাঠানো যেতে পারে।

উদাহরণঃ
মারিয়া দেখল যে সর্বনিম্ন বেতনেরও কম বেতন তাকে দেওয়া হচ্ছে। সে তার ম্যানেজারকে এর কারণ জিজ্ঞাসা করল।কয়েকদিন পরে, মারিয়াকে বরখাস্ত করা হল।
মারিয়া ভাবল যে তাকে বরখাস্ত করা হয়েছে কেন না সে ইএসএ অধিকারগুলি সম্বন্ধে জানতে চেয়েছিল। সে এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস ইনফরমেশন সেন্টারে ফোন করে তার সমস্যা বিশদভবে বুঝিয়ে বলল। শ্রম মন্ত্রালয়ের কর্মী তাকে তার অধিকারগুলি সম্পর্কে জানতে সাহায্য করলেন। মারিয়া একটি অভিযোগ দায়ের করল এবং তার অভিযোগটি অনুসন্ধান করা হল।

মারিয়ার নিয়োগকর্তাকে বলা হ'ল মারিয়ার চাকরি ফিরিয়ে দিতে, তার প্রাপ্য বেতন দিয়ে দিতে এবং সর্বানিম্ন বেতনের সমান করে তার বেতন বাড়িয়ে দিতে।

আমি কি দাবী দাখিল করব ?

এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস ইনফরমেশন সেন্টারের সঙ্গে যোগাযোগ করুন। আমাদের সঙ্গে কথা বলার পর আপনি দাবী দাখিল করার সিদ্ধান্ত নিতে পারেন।

ক্লেম হচ্ছে আপনার অভিযোগের একটি লিখিত ব্যখ্যা, যাতে থাকবে আপনার সম্বন্ধে, আপনার চাকুরী সম্বন্ধে এবং আপনার নিয়োগকর্তা সম্বন্ধে জরুরী তথ্য।

ক্লেম ফর্ম সার্ভিসঅন্টারিও সেন্টার্স অথবা শ্রম মন্ত্রালয়ের ওয়েব সাইটে পাওয়া যেতে পারে।

দাবী নিখরচায় দাখিল করা যায়।

শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন

এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস্ ইনফরমেশন সেন্টারে **416-326-7160**, **1-800-531-5551** (বিনাশুল্কের) নম্বরে ফোন করুন বা **1-866-567-8893** যাঁরা কানে শুনতে পান **TTY**। যদি আাপনি ইংরেজী বা ফরাসী ভাষায় কথা বলতে না পারেন তাহলে একজনকে খুঁজে বার করুন যিনি বলতে পারেন এবং তাকে আপনার সঙ্গে রাখুন যখন আপনি শ্রম মন্ত্রালয়ে আসবেন বা ফোন করবেন।

দেখুন www.labour.gov.on.ca ইএসএ-র কপির জন্য, তথ্য পত্রের জন্য, ক্লেম ফর্ম এবং বুলেটিনের জন্য এবং ইমেলের মাধ্যমে মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করার জন্য।

এই তথ্যাবলী, জনপরিষেবা হিসেবে দেওয়া হয়েছে। যদিও আমরা চেষ্টা করি সুনিশ্চিত করতে যাতে তথ্যাবলী সমসাময়িক এবং নির্ভুল হয়, মাঝেমধ্যে ভুলচুক হয়েই থাকে। সেজন্য আমরা তথ্যাবলীর নির্ভুলতা সম্বন্ধে নিশ্চয় করে বলতে পারি না। পাঠকরা, যেখানে সম্ভব, সেখানে এই তথ্যের ভিত্তিতে কাজে নামার আগে যেন তথ্যের সত্যতা যাচাই করে নেন।

©Queen's Printer for Ontario, 2008
Printed in Canada
ISBN 1-4249-1303-9 (Print)
ISBN 1-4249-1305-5 (PDF)
ISBN 1-4249-1305-5 (HTML)

Bengali
"Protecting Employees" is also available in English, French, and other languages.
« Protection des employés » est également disponible en anglais, en français et en d'autres langues.